

বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.০২.১৭-৩০৩

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৪
২০ অক্টোবর ২০১৭

বিষয় : সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের “সহকারী প্রোগ্রামার” (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী।

সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের “সহকারী প্রোগ্রামার” (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) পদে অনলাইনে রেজিস্ট্রেশনকৃত ৬৪৬ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

পরীক্ষা তারিখ ও সময়	পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	কেন্দ্র	রেজিঃ নম্বর ও প্রার্থী সংখ্যা
৩০/১০/১৭ (সোমবার) বেলা ১.৩০ টা হতে বিকাল ৪.৩০ টা পর্যন্ত	সহকারী প্রোগ্রামার (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) (বিজ্ঞপ্তির তারিখ ৩১/০৫/২০১৭, বিজ্ঞপ্তি নং-৩১)	শেরে বাংলানগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	০০০০০১ থেকে ৭০০০৯৮ মোট = ৬৪৬ জন

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী :

- প্রার্থীদের নামে নতুন করে ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইন রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্র এই পরীক্ষার বেলায় প্রযোজ্য হবে। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।
 - প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
 - পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টার মধ্যে কোন প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
 - পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র এবং হাত-ঘড়ি আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
 - পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
 - প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও টেকনিক্যাল-৬০ সর্বমোট ২০০ নম্বরের ৩ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
 - একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
 - হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।
 - কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
 - চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)